গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৫৫

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে খরিপ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ (এন-৫৩ জাত) উৎপাদনের লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাবদ সংশোধিত জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১২৩, তারিখ: ০৪-০৫-২০২৬ খ্রি.।
২) বিএডিসি'র স্মারক নং- ১২.০৬.০০০০.২৮১.৩৪.০২৫.২৪.৭১৯, তারিখ: ০৭-০৫-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে খরিপ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ (এন-৫৩ জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক (প্রয়োজনে মাঝারি কৃষক) কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ, সার ও বালাইনাশক বিতরণ কর্মসূচি বাবদ ৩৮৪৯.৬১৫ লক্ষ (আটত্রিশ কোটি উনপঞ্চাশ লক্ষ একষট্টি হাজার পাঁচশত) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণী; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ ও প্রশিক্ষণের ব্যয় বিবরণী:

| ক্রম | উপকরণ/ খাত | গ্রীষ্মকালীন পেঁয়াজ (১বিঘা জমি রোপনের জন্য) | | |
|---|---|---|---|---|
| | | ১ বিঘার জন্য উপকরণ সহায়তা (কেজি) | একক মূল্য (টাকা) | বিঘা প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | **বীজ** | ১ | ২২০০.০০ | ২২০০.০০ |
| ২ | **রাসায়নিক সার** | | | |
| | ডিএপি | ১০ | ১৯.০০ | ১৯০.০০ |
| | এমওপি | ১০ | ০.০০ | ০.০০ |
| ৩ | বালাইনাশক | ১.০০ | ৩৮০.০০ | ৩৮০.০০ |
| | পলিথিন | থোক | থোক | ৭১০.০০ |
| ৪ | পরিবহন ব্যয় | ২২ | ১.৫০ | ৩৩.০০ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত | ২২ | ১.০০ | ২২.০০ |
| | | | মোট= | ৩৫৩৫.০০ টাকা |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্রমিক নং | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা/ জমির পরিমাণ (জন/বিঘা) | উপকরণের পরিমাণ (মেঃ টন) | | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | বালাইনাশক | | ডিএপি | এমওপি | মোট সার | পলিনেট ও বালাইনাশক বাবদ ব্যয় | পরিবহণ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য | |
| ১ | কুমিল্লা | ৬০০ | ০.৬০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ০.৬০ | ১৩.২০ | ১.১৪ | ০ | ১.১৪ | ৬.৫৪ | ০.১৯৮ | ০.১৩২ | ৬.৮৭ | ২১.২১০ |
| ২ | ময়মনসিংহ | ৩০০ | ০.৩০ | ৩.০০ | ৩.০০ | ৬.০০ | ০.৩০ | ৬.৬০ | ০.৫৭ | ০ | ০.৫৭ | ৩.২৭ | ০.০৯৯ | ০.০৬৬ | ৩.৪৩৫ | ১০.৬০৫ |
| ৩ | জামালপুর | ২০০ | ০.২০ | ২.০০ | ২.০০ | ৪.০০ | ০.২০ | ৪.৪০ | ০.৩৮ | ০ | ০.৩৮ | ২.১৮ | ০.০৬৬ | ০.০৪৪ | ২.২৯ | ৭.০৭০ |
| ৪ | সিলেট | ৩০০ | ০.৩০ | ৩.০০ | ৩.০০ | ৬.০০ | ০.৩০ | ৬.৬০ | ০.৫৭ | ০ | ০.৫৭ | ৩.২৭ | ০.০৯৯ | ০.০৬৬ | ৩.৪৩৫ | ১০.৬০৫ |
| ৫ | মৌলভীবাজার | ৪০০ | ০.৪০ | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ০.৪০ | ৮.৮০ | ০.৭৬ | ০ | ০.৭৬ | ৪.৩৬ | ০.১৩২ | ০.০৮৮ | ৪.৫৮ | ১৪.১৪০ |
| ৬ | হবিগঞ্জ | ৩০০ | ০.৩০ | ৩.০০ | ৩.০০ | ৬.০০ | ০.৩০ | ৬.৬০ | ০.৫৭ | ০ | ০.৫৭ | ৩.২৭ | ০.০৯৯ | ০.০৬৬ | ৩.৪৩৫ | ১০.৬০৫ |
| ৭ | রাঙ্গামাটি | ৩০০ | ০.৩০ | ৩.০০ | ৩.০০ | ৬.০০ | ০.৩০ | ৬.৬০ | ০.৫৭ | ০ | ০.৫৭ | ৩.২৭ | ০.০৯৯ | ০.০৬৬ | ৩.৪৩৫ | ১০.৬০৫ |
| ৮ | খাগড়াছড়ি | ৩০০ | ০.৩০ | ৩.০০ | ৩.০০ | ৬.০০ | ০.৩০ | ৬.৬০ | ০.৫৭ | ০ | ০.৫৭ | ৩.২৭ | ০.০৯৯ | ০.০৬৬ | ৩.৪৩৫ | ১০.৬০৫ |
| ৯ | বান্দরবান | ২০০ | ০.২০ | ২.০০ | ২.০০ | ৪.০০ | ০.২০ | ৪.৪০ | ০.৩৮ | ০ | ০.৩৮ | ২.১৮ | ০.০৬৬ | ০.০৪৪ | ২.২৯ | ৭.০৭০ |
| ১০ | রাজশাহী | ২৫০০০ | ২৫.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ৫০০.০০ | ২৫.০০ | ৫৫০.০০ | ৪৭.৫০ | ০ | ৪৭.৫০ | ২৭২.৫ | ৮.২৫ | ৫.৫ | ২৮৬.১৮ | ৮৮৩.৭৫০ |
| ১১ | নওগাঁ | ৪০০০ | ৪.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ৪.০০ | ৮৮.০০ | ৭.৬০ | ০ | ৭.৬০ | ৪৩.৬ | ১.৩২ | ০.৮৮ | ৪৫.৮ | ১৪১.৪০০ |
| ১২ | নাটোর | ১৪০০ | ১.৪০ | ১৪.০০ | ১৪.০০ | ২৮.০০ | ১.৪০ | ৩০.৮০ | ২.৬৬ | ০ | ২.৬৬ | ১৫.২৬ | ০.৪৬২ | ০.৩০৮ | ১৬.০৩ | ৪৯.৪৯০ |
| ১৩ | চাঁপাইনবাবগঞ্জ | ৫০০০ | ৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ৫.০০ | ১১০.০০ | ৯.৫০ | ০ | ৯.৫০ | ৫৪.৫ | ১.৬৫ | ১.১ | ৫৭.২৫ | ১৭৬.৭৫০ |
| ১৪ | বগুড়া | ১৫০০ | ১.৫০ | ১৫.০০ | ১৫.০০ | ৩০.০০ | ১.৫০ | ৩৩.০০ | ২.৮৫ | ০ | ২.৮৫ | ১৬.৩৫ | ০.৪৯৫ | ০.৩৩ | ১৭.১৭৫ | ৫৩.০২৫ |
| ১৫ | জয়পুরহাট | ৬০০ | ০.৬০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ০.৬০ | ১৩.২০ | ১.১৪ | ০ | ১.১৪ | ৬.৫৪ | ০.১৯৮ | ০.১৩২ | ৬.৮৭ | ২১.২১০ |
| ১৬ | পাবনা | ২৪০০ | ২.৪০ | ২৪.০০ | ২৪.০০ | ৪৮.০০ | ২.৪০ | ৫২.৮০ | ৪.৫৬ | ০ | ৪.৫৬ | ২৬.১৬ | ০.৭৯২ | ০.৫২৮ | ২৭.৪৮ | ৮৪.৮৪০ |
| ১৭ | সিরাজগঞ্জ | ৫০০ | ০.৫০ | ৫.০০ | ৫.০০ | ১০.০০ | ০.৫০ | ১১.০০ | ০.৯৫ | | ০.৯৫ | ৫.৪৫ | ০.১৬৫ | ০.১১ | ৫.৭২৫ | ১৭.৬৭৫ |

| ক্রমিক নং | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা/ জমির পরিমাণ (জন/বিঘা) | উপকরণের পরিমাণ (মেঃ টন) | | | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজ | ডিএপি | এমওপি | মোট সার | বালাইনাশক | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | | | | | | | | ডিএপি | এমওপি | মোট সার | পলিনেট ও বালাইনাশক বাবদ ব্যয় | পরিবহণ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য | |
| ১৮ | রংপুর | ৩৭০০ | ৩.৭০ | ৩৭.০০ | ৩৭.০০ | ৭৪.০০ | ৩.৭০ | ৮১.৪০ | ৭.০৩ | ০ | ৭.০৩ | ৪০.৩৩ | ১.২২১ | ০.৮১৪ | ৪২.৩৭ | ১৩০.৭৯৫ |
| ১৯ | গাইবান্ধা | ১৮০০ | ১.৮০ | ১৮.০০ | ১৮.০০ | ৩৬.০০ | ১.৮০ | ৩৯.৬০ | ৩.৪২ | ০ | ৩.৪২ | ১৯.৬২ | ০.৫৯৪ | ০.৩৯৬ | ২০.৬১ | ৬৩.৬৩ |
| ২০ | কুড়িগ্রাম | ২২০০ | ২.২০ | ২২.০০ | ২২.০০ | ৪৪.০০ | ২.২০ | ৪৮.৪০ | ৪.১৮ | ০ | ৪.১৮ | ২৩.৯৮ | ০.৭২৬ | ০.৪৮৪ | ২৫.১৯ | ৭৭.৭৭০ |
| ২১ | লালমনিরহাট | ১৩০০ | ১.৩০ | ১৩.০০ | ১৩.০০ | ২৬.০০ | ১.৩০ | ২৮.৬০ | ২.৪৭ | ০ | ২.৪৭ | ১৪.১৭ | ০.৪২৯ | ০.২৮৬ | ১৪.৮৯ | ৪৫.৯৫৫ |
| ২২ | নীলফামারী | ১৫০০ | ১.৫০ | ১৫.০০ | ১৫.০০ | ৩০.০০ | ১.৫০ | ৩৩.০০ | ২.৮৫ | ০ | ২.৮৫ | ১৬.৩৫ | ০.৪৯৫ | ০.৩৩ | ১৭.১৮ | ৫৩.০২৫ |
| ২৩ | দিনাজপুর | ১৬০০ | ১.৬০ | ১৬.০০ | ১৬.০০ | ৩২.০০ | ১.৬০ | ৩৫.২০ | ৩.০৪ | ০ | ৩.০৪ | ১৭.৪৪ | ০.৫২৮ | ০.৩৫২ | ১৮.৩২ | ৫৬.৫৬০ |
| ২৪ | ঠাকুরগাঁও | ১৪০০ | ১.৪০ | ১৪.০০ | ১৪.০০ | ২৮.০০ | ১.৪০ | ৩০.৮০ | ২.৬৬ | ০ | ২.৬৬ | ১৫.২৬ | ০.৪৬২ | ০.৩০৮ | ১৬.০৩ | ৪৯.৪৯০ |
| ২৫ | পঞ্চগড় | ১৪০০ | ১.৪০ | ১৪.০০ | ১৪.০০ | ২৮.০০ | ১.৪০ | ৩০.৮০ | ২.৬৬ | ০ | ২.৬৬ | ১৫.২৬ | ০.৪৬২ | ০.৩০৮ | ১৬.০৩ | ৪৯.৪৯০ |
| ২৬ | যশোর | ৪০০০ | ৪.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ৪.০০ | ৮৮.০০ | ৭.৬০ | ০ | ৭.৬০ | ৪৩.৬ | ১.৩২ | ০.৮৮ | ৪৫.৮ | ১৪১.৮০০ |
| ২৭ | ঝিনাইদহ | ৮০০০ | ৮.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ৮.০০ | ১৭৬.০০ | ১৫.২০ | ০ | ১৫.২০ | ৮৭.২ | ২.৬৪ | ১.৭৬ | ৯১.৬ | ২৮২.৮০০ |
| ২৮ | মাগুড়া | ৪০০০ | ৪.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ৪.০০ | ৮৮.০০ | ৭.৬০ | ০ | ৭.৬০ | ৪৩.৬ | ১.৩২ | ০.৮৮ | ৪৫.৮ | ১৪১.৮০০ |
| ২৯ | কুষ্টিয়া | ৮০০০ | ৮.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ৮.০০ | ১৭৬.০০ | ১৫.২০ | ০ | ১৫.২০ | ৮৭.২ | ২.৬৪ | ১.৭৬ | ৯১.৬ | ২৮২.৮০০ |
| ৩০ | চুয়াডাঙ্গা | ১৫০০ | ১.৫০ | ১৫.০০ | ১৫.০০ | ৩০.০০ | ১.৫০ | ৩৩.০০ | ২.৮৫ | ০ | ২.৮৫ | ১৬.৩৫ | ০.৪৯৫ | ০.৩৩ | ১৭.১৮ | ৫৩.০২৫ |
| ৩১ | মেহেরপুর | ১৯০০০ | ১৯.০০ | ১৯০.০০ | ১৯০.০০ | ৩৮০.০০ | ১৯.০০ | ৪১৮.০০ | ৩৬.১০ | ০ | ৩৬.১০ | ২০৭.১ | ৬.২৭ | ৪.১৮ | ২১৭.৬ | ৬৭১.৬৫০ |
| ৩২ | পিরোজপুর | ৬০০ | ০.৬০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ০.৬০ | ১৩.২০ | ১.১৪ | ০ | ১.১৪ | ৬.৫৪ | ০.১৯৮ | ০.১৩২ | ৬.৮৭ | ২১.২১০ |
| ৩৩ | ফরিদপুর | ৫০০০ | ৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ৫.০০ | ১১০.০০ | ৯.৫০ | ০ | ৯.৫০ | ৫৪.৫ | ১.৬৫ | ১.১ | ৫৭.২৫ | ১৭৬.৭৫০ |
| ৩৪ | রাজবাড়ী | ৬০০ | ০.৬০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ০.৬০ | ১৩.২০ | ১.১৪ | ০ | ১.১৪ | ৬.৫৪ | ০.১৯৮ | ০.১৩২ | ৬.৮৭ | ২১.২১০ |
| | মোট= | **১০৮৯০০** | ১০৯ | ১০৮৯.০০ | ১০৮৯.০০ | ২১৭৮.০০ | ১০৮.৯০ | **২৩৯৫.৮০** | ২০৬.৯১ | ০ | **২০৬.৯১** | ১১৮৭.০১ | ৩৫.৯৩৭ | ২৩.৯৫৮ | **১২৪৬.৯০৫** | **৩৮৪৯.৬১৫** |

****'৩২৫১১০৯-বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ২৩৯৫.৮০ লক্ষ (তেইশ কোটি পঁচানব্বই লক্ষ আশি হাজার) টাকা চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের অনুকূলে ছাড় করতে হবে।**

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। **'৩২৫১১০৯-বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ২৩৯৫.৮০ লক্ষ (তেইশ কোটি পঁচানব্বই লক্ষ আশি হাজার) টাকা চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের অনুকূলে এবং '৩২৫১১০৫-সার' উপখাতে বরাদ্দকৃত ২০৬.৯১ লক্ষ (দুই কোটি ছয় লক্ষ একানব্বই হাজার) টাকা ও '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ১২৪৬.৯০৫ লক্ষ (বারো কোটি ছিচল্লিশ লক্ষ নব্বই হাজার পাঁচশত) টাকা জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুকূলে ছাড় করতে হবে।** জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুকূলে বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। **ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;**

২. **চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের অনুকূলে '৩২৫১১০৯-বীজ ও চারা' উপখাতে ছাড়কৃত ২৩৯৫.৮০ লক্ষ (তেইশ কোটি পঁচানব্বই লক্ষ আশি হাজার) টাকা এ মন্ত্রণালয়ের প্রতিস্বাক্ষরিত বিলের মাধ্যমে উত্তোলন করতে পারবেন** এবং অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলাওয়ারী কৃষক সংখ্যা বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন এবং সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষক নির্বাচন করে অগ্রাধিকারভিত্তিতে খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন ও উপকরণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে এ আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৫. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৬. প্রতি ব্লকে গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্বাচন করা, যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে;
৭. প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে ১০ জন কৃষকের গ্রুপ ভিত্তিক পাশাপাশি ১০ বিঘা জমি একত্রে একটি ব্লকে বাস্তবায়ন করতে হবে;
৮. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষে ১ বিঘা জমির জন্য প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে;
৯. এ কর্মসূচির আওতায় প্রয়োজনীয় বীজ বিএডিসি কর্তৃক আমদানি/সংগ্রহপূর্বক নির্ধারিত মূল্যে ডিএইকে সরবরাহ করতে হবে। কোন কারণে বিএডিসি বীজ সরবরাহে ব্যর্থ হলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সাথে পরামর্শক্রমে উপযুক্ত উৎস থেকে সংগ্রহ করতে হবে;
১০. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজের অঙ্কুরোদগম ক্ষমতা (সর্বনিম্ন ৭৫%), বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
১১. পেঁয়াজ বীজের গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে, বীজ প্রাপ্তির উৎস সম্পর্কিত তথ্যাদি, যেমন:- উৎপাদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বৈধ লাইসেন্স গ্রহণ; যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মনিটরিং ও ফাইটো স্যানিটারি (পিসি) সার্টিফিকেট গ্রহণ; উৎপাদন, সংরক্ষণ ও বিপণনের তথ্যাদি এবং বীজ আমদানির ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক বীজ আমদানির বৈধ লাইসেন্স, অভিজ্ঞতার সনদ, পণ্যের বিবরণসহ এলসির (LC) কপি ও আমদানি সংক্রান্ত শর্তাবলি পরিপালনসহ প্রয়োজনীয় তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করতে হবে;
১২. গ্রীষ্মকালীন পেঁয়াজের ক্ষেত্রে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ১০ (দশ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ২ (দুই) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ২ (দুই) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে;
১৩. খরিপ/২০২৫-২৬ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষে সহযোগিতার জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত প্রতি কৃষক গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ১ কেজি (বিএডিসি হতে সরবরাহকৃত), ডিএপি সার ১০ কেজি ও এমওপি সার ১০ কেজি করে সহায়তা পাবেন। এছাড়া ১ বিঘা জমিতে চারা রোপনের উদ্দেশ্যে তৈরি ৫ শতক বীজতলার জন্য পলিথিন ও বালাইনাশক বাবদ ১০৯০ টাকার (এক হাজার নব্বই টাকা) এবং অন্যান্য উপকরণ সামগ্রী উপজলা কৃষি অফিসার কর্তৃক সরকারি বিধি মোতাবেক ক্রয়/সংগ্রহপূর্বক প্রত্যেক কৃষকের মাঝে মাস্টাররোলের মাধ্যমে বিতরণপূর্বক তা সংরক্ষণ করতে হবে।
১৪. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে **এমওপি সার অনুদানপ্রাপ্ত বিধায় এর মূল্য অন্তর্ভুক্ত হবে না;**
১৫. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;
১৬. গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ উৎপাদন বৃদ্ধি প্রণোদনা কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন সমন্বয় বিবরণী (বীজ উপখাতে ছাড়কৃত অর্থ) এবং অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের কপিসহ কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে চেয়ারম্যান, বিএডিসি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রেরণ করবেন। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবেন। এ কর্মসূচি শেষ হওয়ার পর কোন অবস্থায় অব্যয়িত অর্থ বিএডিসির অনুকূলে জমা রাখা বা অনুমোদিত খাত ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না;
১৭. গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ সংক্রান্ত যাবতীয় অডিট বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যালয়ে নিষ্পন্ন হবে এবং চূড়ান্ত বিবরণী কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে;
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনা জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৩১ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
১৯. এ কর্মসূচির আওতায় ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইলযোগে** admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;
২০. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৩১ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;
২১. **সার, বীজ ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**
২২. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে এবং**

২৩. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)

জেলার নাম :

উপজেলার নাম :

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং :

| কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ, সার ও কীটনাশক সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ-<br>কীটনাশকের নাম-<br>কীটনাশকের পরিমাণ- | |

২১/০৫/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
৩. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৩১ জেলা)।

৪. নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৫৫

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (বীজ/সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. মাননীয় কৃষি মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি)।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২১/০৫/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব